


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমবায় অফিস  
ইটনা, কিশোরগঞ্জ।



আদেশ নং- ৪৭.৬১.৪৮৩৩.০০০.৪০.০০১.২২- ২৪৬

তারিখ- ৩১/০৮/২০২২ খ্রিঃ

জেলা সমবায় অফিসার, কিশোরগঞ্জ মহোদয়ের স্মারক নং- ৪৭.৬১.৪৮০০.০০০.০৮.০৭.০০১.১৭-১৪৯৫, তারিখ- ২৪/০৮/২০২২ খ্রিঃ মূলে প্রদত্ত নির্দেশনা যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে ইটনা উপজেলাধীন যে সমস্ত সমবায় সমিতিতে ঋণ কার্যক্রম চলমান রয়েছে সে সমস্ত সমবায় সমিতির কার্যক্রম নিয়মিত মনিটরিং করার নিমিত্তে নিম্নবর্ণিত সমবায় সমিতির নামের পাশ্বে অত্র কার্যালয়ে কর্মরত সহকারী পরিদর্শকগণের নামে বরাদ্দ প্রদান করা হলো। উল্লেখ্য যে, মনিটরিং এর জন্য বরাদ্দ প্রাপ্ত কর্মকর্তাগণ সংশ্লিষ্ট সমবায় সমিতিসমূহের কার্যক্রম নিয়মিত মনিটরিং করতঃ নিম্নবর্ণিত নির্দেশনা অনুযায়ী প্রতিমাসের ২০ তারিখের মধ্যে ২(দুই) প্রস্থ প্রতিবদনে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল নিশ্চিত করার জন্য বলা হলো।

১. প্রতি মাসের জমা-খরচ বহি যাচাইকরণ।
২. সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুযায়ী ঋণ কার্যক্রম পর্যবেক্ষন।
৩. সমবায় সমিতি বিধিমালা ও সমিতির নিবন্ধিত উপ-আইন অনুযায়ী সদস্য অন্তর্ভুক্তি ও বাতিল কার্যক্রম পর্যবেক্ষন।
৪. সমিতির নির্ধারিত করম এলাকার কার্যক্রম পর্যবেক্ষন।
৫. অডিট পরবর্তী বাস্তবায়ন নির্দেশনা যাচাই করন।
৬. ব্যবস্থাপনা কমিটির নীতি নির্ধারনী সিদ্ধান্ত পর্যবেক্ষন।
৭. ব্যাংক হিসাবে সমিতির সার্বিক কার্যক্রম পরিচালিত হচ্ছে কিনা যাচাই করন।
৮. এ.জি.এম এ আবশ্যিক উপস্থিতি নিশ্চিত করন।
৯. সমিতির বিনিয়োগ ও স্থায়ী এবং অস্থায়ী আমানত যাচাই করন।
১০. অধিক মুনাফার প্রবণতা রয়েছে কিনা যাচাই করন।
১১. সমিতির স্থাবর ও অস্থাবর সম্পত্তি ক্রয় বিক্রয় কার্যক্রম পর্যবেক্ষন।

ক্রঃ নং	কর্মকর্তার নাম ও পদবী	মনিটরিং এর জন্য নির্ধারিত সমবায় সমিতি নাম
১.	জনাব মোহাম্মদ ইসলাম উদ্দিন সহকারী পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয় ইটনা, কিশোরগঞ্জ।	১। রূপসী বাংলা কৃষি উৎপাদনমুখী সমবায় সমিতি লিঃ, ইটনা, কিশোরগঞ্জ। ২। বিনিময় ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, ইটনা, কিশোরগঞ্জ। ৩। সোনার বাংলা ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, ইটনা, কিশোরগঞ্জ। ৪। শাপলা ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, ইটনা, কিশোরগঞ্জ। ৫। প্রত্যাশা কৃষি উৎপাদনমুখী সমবায় সমিতি লিঃ, ইটনা, কিশোরগঞ্জ।
২.	জনাব মোঃ আসলাম হোসেন সহকারী পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয় ইটনা, কিশোরগঞ্জ।	১। গ্রাম বাংলা ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, ইটনা, কিশোরগঞ্জ। ২। সবুজ বাংলা কৃষি উৎপাদনমুখী সমবায় সমিতি লিঃ, ইটনা, কিশোরগঞ্জ। ৩। রংধনু কৃষি উৎপাদনমুখী সমবায় সমিতি লিঃ, ইটনা, কিশোরগঞ্জ। ৪। আনন্দ বাজার হাওড় বাংলা কৃষি উৎপাদনমুখী সমবায় সমিতি লিঃ, ইটনা, কিশোরগঞ্জ। ৫। প্রগতি মহিলা সমবায় সমিতি লিঃ, ইটনা, কিশোরগঞ্জ।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।

(মাহফুজুল আমিন)

উপজেলা সমবায় অফিসার  
ইটনা, কিশোরগঞ্জ।

ফোননং- ০৯৪২৬-৫৬০৫৫

ই-মেইল- [uco.itna@gmail.com](mailto:uco.itna@gmail.com)

স্মারক নং- ৪৭.৬১.৪৮৩৩.০০০.৪০.০০১.২২- ২৪৬/১(১৩)

তারিখ- ৩১/০৮/২০২২ খ্রিঃ

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সভাপতি/সম্পাদক, ..... সমবায় সমিতি লিঃ, ইটনা, কিশোরগঞ্জ। মনিটরিং কাজে মনিটরিং কর্মকর্তাকে সার্বিক সহযোগিতা প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। অন্যথায় তার সমিতির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ২। জনাব মোহাম্মদ ইসলাম উদ্দিন/জনাব মোঃ আসলাম হোসেন, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, ইটনা, কিশোরগঞ্জ।
- ৩। জেলা সমবায় অফিসার, কিশোরগঞ্জ। মহোদয়ের সদয় অবগতির জন্য।

০/১

(মাহফুজুল আমিন)

উপজেলা সমবায় অফিসার  
ইটনা, কিশোরগঞ্জ।